

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৭]

৯. নামাযের সময় (كتاب مواقيت الصلاة)

পরিচ্ছেদঃ নির্দিষ্ট সময়ে নামায আদায়ের ফজীলত

باب فَضْلِ الصَّلَاةِ لَوَقْتِهَا

আরবী

عن ابن مسعود قال: سألت النبي: أي العمل أحب إلى الله؟ قال الصلاة على وقتها. قال: ثم أي؟ قال ثم بر الوالدين. قال: ثم أي؟ قال الجهاد في سبيل الله. قال: حدثنني بهن، ولو استزدته لزادني.

বাংলা

৩২৪) আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলামঃ আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় আমল কোনটি? উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ সময় মত নামায আদায় করা। ইবনে মাসউদ পুনরায় জিজ্ঞেস করলেনঃ তারপর কোনটি? তিনি বললেনঃ পিতা-মাতার সাথে সদাচরণ করা। তারপর তিনি প্রশ্ন করলেনঃ অতঃপর কোনটি? উত্তরে তিনি বললেনঃ আল্লাহর রাস্তায় জিহাদ করা। ইবনে মাসউদ বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে এ কথাগুলো বলেছেন। আমি যদি আরো প্রশ্ন করতাম, তাহলে তিনি আমাকে আরও বাড়িয়ে বলতেন।

English

Superiority of offering As-Salat (the prayers) at the stated times

Narrated `Abdullah:

I asked the Prophet (ﷺ) "Which deed is the dearest to Allah?" He replied, "To offer the prayers at their early stated fixed times." I asked, "What is the next (in goodness)?" He replied, "To be good and dutiful to your parents" I again asked, "What is the next (in goodness)?" He replied, "To participate in Jihad (religious fighting) in Allah's cause." `Abdullah added, "I asked only that much and if I had asked more, the Prophet (ﷺ) would have told me more."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89622>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন